



## ১২ বিলিয়ন ডলার ঋণ সংগ্রহের পরিকল্পনা করছে ইলন মাস্কের কৃত্রিম বুদ্ধিমত্তা প্রতিষ্ঠান এক্সএআই



সংগৃহীত ছবি

বিশ্বখ্যাত উদ্যোক্তা এলন মাস্কের কৃত্রিম বুদ্ধিমত্তা প্রতিষ্ঠান xAI প্রায় ১২ বিলিয়ন ডলারের ঋণ সংগ্রহের পরিকল্পনা করছে। ওয়াল স্ট্রিট জার্নালের প্রতিবেদনে বলা হয়েছে, এই অর্থের মূল লক্ষ্য হলো xAI-এর নিজস্ব AI চ্যাটবট Grok-এর জন্য শক্তিশালী কম্পিউটিং অবকাঠামো তৈরি করা।

তহবিল সংগ্রহের মাধ্যমে Nvidia-এর সর্বধুনিক চিপ কেনা হবে, যেগুলো ব্যবহার করে একটি বৃহৎ ডেটা সেন্টার নির্মাণ করা হবে — যা Grok-এর পারফরম্যান্স বাড়ানোর জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। এই উদ্যোগের নেতৃত্বে রয়েছে Valour Equity Partners, যার প্রতিষ্ঠাতা আন্তোনিও গ্রাসিয়াস এলন মাস্কের ঘনিষ্ঠ সহযোগী হিসেবেই পরিচিত।

এদিকে, কয়েকজন ঋণদাতা ঋণের তিন বছরের মধ্যে পরিশোধ নিশ্চিত করতে চাচ্ছেন এবং ঝুঁকি কমাতে ঋণের সীমা নির্ধারণের পরামর্শও দিয়েছেন।

এলন মাস্ক জানিয়েছেন, বর্তমানে xAI প্রায় ২,৩০,০০০টি GPU ব্যবহার করে Grok-এর প্রশিক্ষণ চালাচ্ছে, যার মধ্যে রয়েছে ৩০,০০০টি Nvidia GB200 চিপ। ভবিষ্যতের পরিকল্পনায় রয়েছে একটি সুপারক্লাস্টার গঠন, যেখানে থাকবে ৫,৫০,০০০টি GB200 ও GB300 GPU — যা বিশ্বে অন্যতম বৃহৎ AI কম্পিউটিং অবকাঠামো হতে পারে।

বিশ্লেষকদের ধারণা অনুযায়ী, ২০২৫ সালে xAI-এর ব্যয় পৌঁছাতে পারে ১৩ বিলিয়ন ডলারে। যদিও আগে কিছু গুজব রটেছিল xAI আরও অর্থ সংগ্রহ করতে পারে ১৭০ থেকে ২০০ বিলিয়ন ডলারের মূল্যায়নে, মাস্ক নিজেই সেসব গুজব উড়িয়ে দিয়ে জানান, তাদের হাতে ইতিমধ্যেই পর্যাপ্ত তহবিল রয়েছে।

এই উদ্যোগের মাধ্যমে xAI তাদের AI চ্যাটবট Grok-কে আরও শক্তিশালী ও প্রতিযোগিতামূলক করে তুলতে চায়। একইসঙ্গে, বিশ্বব্যাপী কৃত্রিম বুদ্ধিমত্তার প্রযুক্তিকে এগিয়ে নেওয়ার লক্ষ্যে প্রতিষ্ঠানটি নিজেদের অবস্থান আরও দৃঢ় করতে প্রস্তুত।